দৈনিক আমাদের সময়

তারিখ 22 JUL 2017 পৃ ২ ৬

# প্রযুক্তির অন্ধকার গলিতে না যেতে শিক্ষামন্ত্রীর আহ্বান

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষার্থীদের প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সুযোগ আছে জ্ঞানের পরিধি বৃদ্ধির। তবে প্রযুক্তির একটি রিস্ক রয়েছে। আছে অন্ধকার গলিও। অভিভাবকদের খেয়াল রাখতে হবে ছেলেমেয়েরা যেন সেদিকে না যায়। এ বিষয়ে সবাইকেই সচেতন থাকতে হবে। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। জেএসসি ও পিএসসিতে কৃতিত্বপূর্ণ ফলের জন্য ডিআরইউ সদস্যের সন্তানদের মধ্যে বৃত্তি প্রদানের এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিআরইউ সভাপতি সাখাওয়াত হোসেন বাদশা। সঞ্চালনা করেন ডিআরইউ সাধারণ সম্পাদক মোরসালিন নোমানী।

শিক্ষামন্ত্রী বলেন, আগে শতকরা ৫০ ভাগ শিশু, যাদের স্কুলে যাওয়ার বয়স, তারা স্কুলে যেত না। যারা স্কুলে যায় তাদের মধ্যে শতকরা ৪৮ ভাগ ক্লাস ফাইভ পাস করার আগে ঝরে পড়ত। এর পর যারা যেত, তাদের মধ্যে শতকরা ৪২ ভাগ নবম শ্রেণির আগে ঝরে পড়ত। তা হলে আমরা কাদের নিয়ে এগোব? তাই আমরা লক্ষ্য নির্ধারণ করেছি, আমরা সবাইকে স্কুলে নিয়ে যেতে চাই। আমরা শতকরা ৯৯ ভাগকে স্কুলে নাম লেখাতে পেরেছি। ঝরে পড়া রোধ একটা বড় চ্যালেঞ্জ, ধরে রাখা বড় চ্যালেঞ্জ। মন্ত্রী বলেন, প্রশ্নপত্র ফাঁসের অনেক পথ বন্ধ করলেও কিছু শিক্ষক এখন নিজেরা প্রশ্ন ফাঁস করে দিচ্ছেন, যার মাধ্যমে তারা পেশাকেই কলঙ্কিত করছেন।